


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

স্মারক নং-হাস-২/বিবিধ-২০/২০০৮ (অংশ)/৭৮২

তারিখঃ ১৮-১১-২০১৯ খ্রিঃ

বিষয়ঃ হাসপাতালে আগত রোগীদের মধ্যে রেনিটিডিন জাতীয় ঔষধ বিতরণ স্থগিতকরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, গত ১৪-১১-২০১৯খ্রি. তারিখে দৈনিক বাংলাদেশ প্রতিদিন পত্রিকায় জনস্বার্থে রেনিটিডিন জাতীয় ঔষধ উৎপাদন, বিতরণ এবং রপ্তানি স্থগিতকরণে ঔষধ প্রশাসন অধিদপ্তর গণবিজ্ঞপ্তি প্রকাশ করেছে (কপি সংযুক্ত)। এক্ষণে, উক্ত বিজ্ঞপ্তির আলোকে দেশের সকল হাসপাতালে রেনিটিডিন জাতীয় ঔষধ ক্রয়/বিক্রয়/সরবরাহ/বিতরণ ও সেবন বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(মোঃ আবু রায়হান মিজ্ঞা)  
উপসচিব  
ফোন- ৯৫৫৬৯৮৯

মহাপরিচালক,  
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

- ১। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- ৪। অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। অতিরিক্ত সচিব (সংস্বাঃব্যঃ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।